

RBI/2016-17/165

DCM (Plg) No. 1450/10.27.00/2016-17

নভেম্বর 29, 2016

চেয়ারম্যান / প্রাবন্ধিক নির্দেশক / মুখ্য কার্যনির্বাহী আধিকারিক,
রাষ্ট্রায়ত্ত্ব ব্যাঙ্ক সমূহ / প্রাইভেট সেক্টর ব্যাঙ্ক সমূহ / বিদেশি ব্যাঙ্ক সমূহ / আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক সমূহ / শহরাঞ্চলিক
সমবায় ব্যাঙ্ক সমূহ / রাজ্য সমবায় ব্যাঙ্ক সমূহ / জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক সমূহ

প্রিয় মহাশয়,

পিএমজেডিওয়াই-এর অধীনস্থ অ্যাকাউন্টসমূহ – প্রাকসাবধানতা

অনুগ্রহ করে “নগদ প্রত্যাহার – সাপ্তাহিক সীমা”-র উপর আমাদের নভেম্বর 25, 2016 তারিখাঙ্কিত সারকুলার DCM (Plg) No.1424/10.27.00/2016-16 দেখুন। নিরীহ কৃষক এবং পিএমজেডিওয়াই-এর অধীনস্থ গ্রামীণ অ্যাকাউন্ট ধারকগণকে কালো টাকা অসাধু উপায়ে সাদা করার সঙ্গে যুক্ত ব্যক্তিদের কার্যকলাপ থেকে রক্ষা করতে এবং বেনামি সম্পত্তি লেনদেন তথা মানি লন্ডারিং সংক্রান্ত বিধিনিয়মাবলীর অধীনে আইনানুগ ব্যবস্থার মুখে পড়ার হাত থেকে রক্ষা করার দিকে লক্ষ্য রেখে, এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে নভেম্বর 09, 2016-এর পরে যেসব পিএমজেডিওয়াই অ্যাকাউন্ট অর্থপুষ্টি(ফান্ডেড) হচ্ছে বিশেষভাবে উল্লেখিত ব্যাঙ্কনোট(এসবিএন) জমা পড়ার মাধ্যমে, সেগুলির কাজকর্মের উপর প্রাকসাবধানতা হিসাবে কিছু নির্দিষ্ট সীমা আরোপ করা হবো সাময়িক পদক্ষেপ হিসাবে, ব্যাঙ্কসমূহকে পিএমজেডিওয়াই অ্যাকাউন্টসমূহের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলিতে নজর রাখতে বলা হচ্ছে:

- i. পূর্ণরূপে কেওয়াইসি বিধি অনুপালনকারী অ্যাকাউন্ট ধারকগণকে, এক মাসে, তাঁদের অ্যাকাউন্ট থেকে ₹ 10,000/- তুলতে অনুমতি দেওয়া হবো। শাখা প্রবন্ধকগণ বর্তমানে প্রযোজ্য সীমার ভিতরে ₹ 10,000/--এর অধিক অর্থপ্রত্যাহার করার অনুমতি দিতে পারেন তবে তা কেবলমাত্র এরকম অর্থপ্রত্যাহারের যথার্থতা নির্ণয় এবং ব্যাঙ্কের খতিয়ানে সেটির যথাযথ নথিভুক্তকরণের পরই।
- ii. যেসব অ্যাকাউন্ট ধারকের কেওয়াইসি বিধি অনুপালন সীমিত অথবা যেসব অ্যাকাউন্ট ধারক কেওয়াইসি বিধি অনুপালন করেননি তাঁদেরকে ₹ 10,000-এর সার্বিক উর্ধ্বসীমার ভিতর নভেম্বর 09, 2016 থেকে এসবিএন মারফত জমা করা রাশির থেকে মাস প্রতি ₹ 5,000 করে তোলায় অনুমতি দেওয়া যাবো।

আপনার বিশ্বস্ত,

(পি বিজয় কুমার)

মুখ্য মহা প্রবন্ধক